

= ০১ = ঢাকা ওয়াসা

- ১। ২০২৫-২০২৬ ইং অর্থ বছরের বরাদ্দকৃত বাজেটের কপি।
- ২। ঢাকা ওয়াসার পূর্বানুমোদিত দরের কপি।
- ৩। আলোচ্য কাজের প্রাক্কলন।

বিষয়:- Repairing, Servicing & Maintenance of 3 nos. Air Conditioner of MODS Zone-8, Dhaka WASA কাজ প্রসঙ্গে।

১। সংযুক্ত ক্রমিক নং ১ হতে ৩ পর্যন্ত অনুগ্রহ করে দেখা যেতে পারে। উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মডস জোন-৮ এর বিভিন্ন পাম্প SCADA System বাস্তবায়ন করা হয়েছে। SCADA অপারেটরের মাধ্যমে অত্র জোনের ৮০ টি SCADA যুক্ত পাম্প Control Room হতে মনিটরিং, কন্ট্রোলিং, Data acquisition করা হয়। যার ফলে ঢাকা ওয়াসার পরিচালন ব্যয় হ্রাস পেয়েছে। ইতি মধ্যে EWS প্রকল্পের মাধ্যমে অত্র জোনের সকল পাম্প SCADA System স্থাপনের কার্যক্রম চলমান রয়েছে। ফলে অত্র জোনের সকল পাম্প SCADA Control Room হতে মনিটরিং করা হবে। এছাড়া সম্প্রতি ঢাকা ওয়াসার পানি (পূঃ ও উঃ) বিভাগ-২ হতে অত্র জোনের ৮০ টি পাম্প কম্পাউন্ডে IP Camera স্থাপন করা হয়েছে। উক্ত IP Camera এর সার্ভার সমূহ SCADA Control Room এ স্থাপন করা হয়েছে। উক্ত রুমে আগে থেকেই SCADA Control এর সার্ভার রয়েছে। ফলে SCADA Control Room রুমে তাপমাত্রা সর্বদা নিয়ন্ত্রনে রাখতে হয়। কারণ উক্ত রুমের তাপমাত্রা বেড়ে গেলে সার্ভার হ্যাং হয়ে SCADA Control System বন্ধ হয়ে যায়। তখন অত্র জোনের সকল পাম্প SCADA Control Room হতে মনিটরিং করা সম্ভব হয় না। SCADA Control Room এ ০২ (দুই) টি AC রয়েছে। এর মধ্যে একটি AC হতে পাণ্ডা পড়ে। তাছাড়া উক্ত AC হতে ঠান্ডা বাতাস বের হয় না। AC টেকনিশিয়ান নিয়ে দেখানোর পর জানা যায় যে, উক্ত AC এর কপার পাইপে লিকেজ থাকায় কম্প্রেশার হতে গ্যাস বের হয়ে গেছে। যা ওয়েল্ডিং করে গ্যাস চার্জ করা প্রয়োজন। তাছাড়া উক্ত AC এর কুলিং সিস্টেম, ক্যাপাসিটর এবং সার্কিট নষ্ট হওয়ায় মেরামত করা প্রয়োজন। এছাড়া অন্য AC টিরও গ্যাস চার্জ করা প্রয়োজন। অপরদিকে সহকারী এবং উপ-সহকারী প্রকৌশলী মহোদয়ের রুমে একটি করে AC রয়েছে, যা দ্বারা রুম এর তাপমাত্রা নিয়ন্ত্রন করা যাচ্ছে না। AC টেকনিশিয়ান চেক করে জানান যে, উক্ত AC টির কপার পাইপেও লিকেজ রয়েছে। ফলে গ্যাস বের হয়ে গেছে। এছাড়া উক্ত AC এর কুলিং সিস্টেম এবং ক্যাপাসিটর নষ্ট। যা জরুরি ভিত্তিতে মেরামত করা প্রয়োজন। উক্ত কাজ সমূহ সম্পাদনের জন্য ঢাকা ওয়াসার পূর্বানুমোদিত দর অনুযায়ী একটি প্রাক্কলন প্রস্তুত করা হয়েছে। প্রাক্কলনে টাকার পরিমান দাঁড়িয়েছে ২৪,৭৪৯/- (চব্বিশ হাজার সাতশত ঊনপঞ্চাশ টাকা মাত্র) টাকা মাত্র। আলোচ্য কাজের ব্যয়ভার মডস জোন-৮ এর অনুকূলে ২০২৫-২০২৬ ইং অর্থবছরের বরাদ্দকৃত বাজেটের অফিস রক্ষণাবেক্ষণ খাত হতে বহন করা হবে।

২। এমতাবস্থায়, অনুচ্ছেদ ১.০ এর বর্ণনালোকে Repairing, Servicing & Maintenance of 3 nos. Air Conditioner of MODS Zone-8, Dhaka WASA কাজটি পিপিআর-২০২৫ এর বিধি ১০০(১) অনুযায়ী সরাসরি ক্রয় খাতে মোট ২৪,৭৪৯/- (চব্বিশ হাজার সাতশত ঊনপঞ্চাশ টাকা মাত্র) টাকা মাত্র প্রাক্কলনটি সদয় অনুমোদন করা যেতে পারে, যা ক্রয় শেষে ভাউচারের মাধ্যমে সমন্বয় করা হবে। উল্লেখ্য যে, আলোচ্য কাজের প্রাক্কলনটি প্রধান প্রকৌশলী মহোদয়ের অনুমোদনের আওতাধীন, যা সর্বিনয়ে পেশ করা হলো।

Consent
30.04.26
শেখ আহমেদ সাঈদ সারি আল
উপ-সহকারী প্রকৌশলী
মডস জোন-৮
ঢাকা ওয়াসা।

EF
07/08/26
ভূষার চন্দ্র বর্মন
সহকারী প্রকৌশলী
মডস জোন-৮
ঢাকা ওয়াসা।

EF
07/08/26
অনুশম বর্মার মণ্ডল
নির্বাহী প্রকৌশলী
মডস জোন-৮
ঢাকা ওয়াসা।

SE, MODS Zone-2
08/08/26
প্রকৌশলী মোঃ বাহি আলম
তত্ত্বাবধায়ক প্রকৌশলী
মডস জোন-২, ঢাকা ওয়াসা।

৬। স্বাক্ষর অনুমোদিত,

SE, MODS Zone-2

05/05/26
শওকত মাহমুদ
উপ-সহকারী প্রকৌশলী

CE/Chair